

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২২, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
প্রশাসন শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ০৫ আষাঢ় ১৪১৫ বঙ্গাব্দ/১৯ জুন ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৫৯-আইন/২০০৮।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। শিরোনাম।—এই বিধিমালা “বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮” নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত” অর্থ—

(অ) প্রশাসনিক কর্মকর্তার ক্ষেত্রে Word processing এর অভিজ্ঞতা; এবং

(আ) ব্যক্তিগত কর্মকর্তার ক্ষেত্রে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনার দক্ষতা ও অভিজ্ঞতা;

(৪০৪৫)

মূল্য : টাকা ১২.০০

- (গ) “ডিগ্রী” বা “সার্টিফিকেট” অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
- (ঙ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার এবং কোন পদে অথবা পদশ্রেণীতে নিয়োগ করিবার জন্য সরকার কর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (চ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;
- (ছ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ তফসিলে বর্ণিত কোন পদের ন্যূনতম যোগ্যতা;
- (জ) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং
- (ঝ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” বা “স্বীকৃত ইনস্টিটিউট” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বা ক্ষেত্রমত, শিক্ষাবোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্যপূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলীর শর্তাধীনে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথাঃ—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে; এবং
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়, তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা এবং সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইবে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের এবং কমিশনের আওতা বহির্ভূত পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা হইবে না।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;
- (খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

- (ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন স্বাস্থ্য কর্মকর্তা এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং
- (খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য কমিশন, বা ক্ষেত্রমত, উপ-বিধি (১) এ বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি (যদি থাকে), সহ ও নির্ধারিত ফরমে নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং
- (খ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিলে স্থায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী অথবা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণী অথবা ৩য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি —(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসরূপে নিম্নবর্ণিত মেয়াদের জন্য নিয়োগ করা হইবে, যথাঃ—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিক বার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে সম্প্রসারিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, সম্প্রসারিত মেয়াদ থাকিলে তাহাসহ, সমাপ্ত হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসরূপে নিযুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তবে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং
- (খ) যদি এইরূপ মত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, তবে—
 - (অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইবে; এবং
 - (আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না তিনি সরকারী আদেশবলে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। বিশেষ বিধান।—এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা জারী হইবার সঙ্গে সঙ্গে,—

- (ক) তফসিল এর কলাম ১ এর ক্রমিক নং ২৩ ও ২৪ এর বিপরীতে উল্লিখিত প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা পদে, যেই তারিখে পদগুলি উক্তরূপে উন্নীত হইয়াছে সেই তারিখে কর্মরত ব্যক্তিগণ দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদায় উক্ত তারিখে উক্ত পদসমূহে পদায়িত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং উক্ত তারিখের পরবর্তীতে উল্লিখিত পদসমূহ তফসিলে বর্ণিত পদ্ধতিতে পূরণ করিতে হইবে এবং উক্ত তারিখে যে সকল প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদে পদায়িত হইয়াছেন তাহারা নন-গেজেটেড পদে যে কোটায় নিয়োগপ্রাপ্ত ছিলেন গেজেটেড পদেও সেই কোটায় নিয়োগপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন;
- (খ) যে সকল কর্মকর্তার বয়স পঞ্চাশ বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মকর্তাকে সহকারী সচিব বা সমমর্যাদাসম্পন্ন পদের শিক্ষানবিসি মেয়াদকালে স্থায়ী হইবার ক্ষেত্রে, বিধি ৬(৪) এ বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;
- (গ) তফসিলে উল্লিখিত ক্যাডার বহির্ভূত কোন গেজেটেড এবং নন-গেজেটেড পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে; এবং
- (ঘ) আপাততঃ বলবৎ অন্য কোন বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার আওতাভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে এ বিধিমালার বিধান প্রযোজ্য হইবে।

৮। রহিতকরণ ও হেফাজত।—(১) বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

তফসিল
(বিধি ৩ দ্রষ্টব্য)

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
(১)	সচিব	..	সরকারের অতিরিক্ত সচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার কোন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	..
(২)	যুগ্ম-সচিব	..	সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদার কোন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	..
(৩)	পরীক্ষা নিয়ন্ত্রক	..	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের কোন সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে।	কমিশনের পরিচালক পদে অনূন্য তিন বৎসরের চাকরীর অভিজ্ঞতা।
(৪)	প্রধান মনোবিজ্ঞানী	..	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের কোন সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে।	কমিশনের মনোবিজ্ঞানী পদে অনূন্য সাত বৎসরের চাকরীর অভিজ্ঞতা।
(৫)	সিনিয়র সিস্টেম এনালিস্ট	..	Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, ১৯৮৫ অনুসারে।	..

৪০৫০

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ২২, ২০০৮

১	২	৩	৪	৫
(৬) পরিচালক	..	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের কোন সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে।	উপ-পরিচালক বা উর্ধ্বতন গবেষণা ও পরিসংখ্যান কর্মকর্তা অথবা মনোবিজ্ঞানী পদে পাঁচ বৎসরের চাকরীর অভিজ্ঞতা।	
(৭) উপ-সচিব	..	সরকারের উপ-সচিব পদমর্যাদার কোন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	..	
(৮) সিস্টেম এনালিস্ট	..	Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, ১৯৮৫ অনুসারে।	..	
(৯) উপ-পরিচালক	..	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের কোন সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে।	সহকারী পরিচালক বা সহকারী সচিব বা জনসংযোগ কর্মকর্তা অথবা গ্রন্থাগারিক পদে অনূ্যন ছয় বৎসরের চাকরীর অভিজ্ঞতা।	
(১০) মনোবিজ্ঞানী	অনূর্ধ্ব ৩৩ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রে : কমিশনের জুনিয়র মনোবিজ্ঞানী পদে অনূ্যন সাত বৎসরের চাকরীর অভিজ্ঞতা। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মনোবিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।	

১	২	৩	৪	৫
				(২) মনস্তাত্ত্বিক অভীক্ষা, বুদ্ধিমত্তা ও সামর্থ যাচাইয়ের কাজে বা অনুরূপ ব্যবহারিক মনোবিজ্ঞান অথবা মনোবিজ্ঞান বিষয়ে শিক্ষকতা ও গবেষণা কাজে অনূ্যন পাঁচ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
(১১) উর্ধ্বতন গবেষণা ও পরিসংখ্যান কর্মকর্তা	..	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের কোন সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে।		গবেষণা কর্মকর্তা অথবা পরিসংখ্যান কর্মকর্তা হিসাবে অনূ্যন ছয় বৎসরের চাকরীর অভিজ্ঞতা।
(১২) প্রোগ্রামার	..	Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, ১৯৮৫ অনুসারে।	..	
(১৩) সহকারী প্রোগ্রামার	..	Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, ১৯৮৫ অনুসারে।	..	
(১৪) সহকারী পরিচালক/ সহকারী সচিব	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের কোন সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে; এবং (খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।		(ক) পদোন্নতির ক্ষেত্রে : (১) কমিশনের চাকরীতে প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা পদে অনূ্যন সাত বৎসরের চাকরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূ্যন স্নাতক বা সমমানের ডিগ্রী; অথবা

১	২	৩	৪	৫
				<p>(২) কমিশনের চাকরীতে প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা পদে অনূন্য বার বৎসরের চাকরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রী।</p> <p>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। অথবা চার বৎসর মেয়াদী সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।</p> <p>পদোন্নতির ক্ষেত্রে :</p> <p>(১) কমিশনের চাকরীতে হিসাবরক্ষক বা হিসাব রক্ষক কাম কোষাধ্যক্ষ পদে বা উভয় পদে কমপক্ষে ছয় বৎসরের চাকরীর অভিজ্ঞতা; অথবা</p> <p>(২) কমিশনের চাকরীতে কোষাধ্যক্ষ বা হিসাবরক্ষক কাম কোষাধ্যক্ষ বা হিসাবরক্ষক এর সকল পদে একত্রে অনূন্য আট বৎসরের চাকরীর অভিজ্ঞতা।</p>
(১৫) হিসাবরক্ষণ কর্মকর্তা	..	<p>(ক) পদোন্নতির মাধ্যমে; এবং</p> <p>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের কোন সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে।</p>		

১	২	৩	৪	৫
(১৬) জনসংযোগ কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; অথবা (খ) বিসিএস (তথ্য) ক্যাডারের সমপদমর্যাদা-সম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।		কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বৎসর মেয়াদী সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।
(১৭) জুনিয়র মনোবিজ্ঞানী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।		কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মনোবিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বৎসর মেয়াদী সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।
(১৮) গবেষণা কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		<u>(ক) পদোন্নতির ক্ষেত্রে :</u> জুনিয়র গবেষণা কর্মকর্তা হিসাবে অনূন পাঁচ বৎসরের চাকরীর অভিজ্ঞতা। <u>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা গণিত বা অর্থনীতি বা সমাজবিজ্ঞান বা সমাজ কল্যাণ বা লোক প্রশাসন বা রাষ্ট্র বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বৎসর মেয়াদী সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।

১	২	৩	৪	৫
(১৯) পরিসংখ্যান কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) সরাসরি নিয়োগের জন্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।		কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বৎসর মেয়াদী সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।
(২০) গ্রন্থাগারিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		(ক) পদোন্নতির ক্ষেত্রে : সহকারী গ্রন্থাগারিক হিসাবে অন্যান্য পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বৎসর মেয়াদী সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।
(২১) সহকারী গ্রন্থাগারিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		(ক) পদোন্নতির ক্ষেত্রে : ক্যাটালগার পদে অন্যান্য সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং গ্রন্থাগার কাজে তিন বৎসরের অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫
(২২) জুনিয়র গবেষণা কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।		কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা গণিত শাস্ত্র বা অর্থনীতি বা সমাজবিজ্ঞান বা সমাজকল্যাণ বা লোক প্রশাসন অথবা রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বৎসর মেয়াদী সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।
(২৩) প্রশাসনিক কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	<p>(ক) ৬৫% পদ গুদাম রক্ষক, কেয়ারটেকার, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক, টেলিফোন অপারেটর ও অভ্যর্থনাকারী পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে;</p> <p>(খ) ১৫% পদ সাঁট-মুদ্রাক্ষরিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং</p> <p>(গ) ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>		<p>(ক) পদোন্নতির ক্ষেত্রে :</p> <p>সাঁট-মুদ্রাক্ষরিক বা গুদাম রক্ষক বা কেয়ারটেকার পদে অনূ্যন পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা অথবা গুদাম রক্ষক বা কেয়ারটেকার বা অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক এর এক বা একাধিক পদে একত্রে অনূ্যন পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা অথবা অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক বা মুদ্রাক্ষরিক বা অভ্যর্থনাকারী বা টেলিফোন অপারেটর পদে অনূ্যন সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> <p>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী;</p> <p>(২) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত ; এবং</p>

১	২	৩	৪	৫
				(৩) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
(২৪) ব্যক্তিগত কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।		(ক) <u>পদোন্নতির ক্ষেত্রে :</u> সাঁট-মুদ্রাক্ষরিক পদে অন্যান্য পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; সিলেকশন গ্রেড প্রাপ্ত সাঁট-মুদ্রাক্ষরিকগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। (খ) <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী ; (২) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (৩) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
(২৫) কম্পিউটার অপারেটর		Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, ১৯৮৫ অনুসারে।		..

১	২	৩	৪	৫
(২৬) হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রে : কোষাধ্যক্ষ পদে অনূ্যন পাঁচ বৎসর অথবা হিসাব সহকারী পদে অনূ্যন সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং হিসাব সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা।	
(২৭) হিসাব রক্ষক- কাম-কোষাধ্যক্ষ	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রে : কোষাধ্যক্ষ পদে অনূ্যন পাঁচ বৎসর অথবা হিসাব সহকারী পদে অনূ্যন সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং হিসাব সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা।	
(২৮) ক্যাটালগার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রী; (২) ক্যাটালগিং এর কাজে অনূ্যন দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	

১	২	৩	৪	৫
(২৯) গুদাম রক্ষক	-		পদোন্নতির মাধ্যমে।	অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যান্য চার বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৩০) কেয়ারটেকার	-		পদোন্নতির মাধ্যমে।	অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যান্য চার বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৩১) কোষাধ্যক্ষ	-	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		(ক) পদোন্নতির ক্ষেত্রে : হিসাব সহকারী পদে অন্যান্য চার বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন। (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী; (২) প্রশিক্ষণসূচী তৈরীর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (২) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (৩) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
(৩২) প্রশিক্ষণ সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর		সরাসরি নিয়োগের মাধ্যমে।	
(৩৩) সাঁট-মুদ্রাক্ষরিক	অনূর্ধ্ব ৩০ বৎসর		সরাসরি নিয়োগের মাধ্যমে।	

১	২	৩	৪	৫
(৩৪) অফসেট মেশিন অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		<u>(ক)পদোন্নতির ক্ষেত্রে :</u> সহকারী অফসেট মেশিন অপারেটর, প্লেটমেকার, কাটিং মেশিন অপারেটর-কাম-বাইন্ডার, স্টিচিং মেশিনম্যান-কাম-বাইন্ডার পদে অন্যান্য পাঁচ বৎসরের চাকরীর অভিজ্ঞতা। <u>(খ)সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> (১) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং (২) অফসেট মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(৩৫) হিসাব সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।		
(৩৬) অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৩০% পদ ডুপ্লি-কেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাস রাইডার ও এম.এল.এস. এস পদধারীগণের মধ্য হইতে (অনুমোদিত পদসমূহের সংখ্যার আনুপাতিক হারে) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) মোট পদের ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।		<u>(ক)পদোন্নতির ক্ষেত্রে :</u> (১) ডুপ্লি-কেটিং মেশিন অপারেটর হিসাবে অন্যান্য পাঁচ বৎসরের অথবা ডুপ্লি-কেটিং মেশিন অপারেটর, দপ্তরী ও এম. এল. এস. এস এর এক বা একাধিক পদে একত্রে অন্যান্য পাঁচ বৎসরের অথবা ডেসপাস রাইডার বা দপ্তরীর এক বা একাধিক পদে একত্রে অন্যান্য আট বৎসরের অথবা এম. এল. এস. এস এর পদে অন্যান্য দশ বৎসরের চাকরীর অভিজ্ঞতা;

১	২	৩	৪	৫
				<p>(২) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(৩) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজীতে ২৮ শব্দের গতি; এবং</p> <p>(৪) কম্পিউটার চালনার দক্ষতা।</p> <p>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;</p> <p>(২) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং</p> <p>(৩) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল-৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
(৩৭) মুদ্রাক্ষরিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	<p>(ক) ৩০% পদ ডুপ্লি-কেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাস রাইডার ও এম. এল. এস. এস পদধারীগণের মধ্য হইতে (অনুমোদিত পদসমূহের সংখ্যার আনুপাতিক হারে) পদোন্নতির মাধ্যমে;</p> <p>(খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>(ক) পদোন্নতির ক্ষেত্রে :</p> <p>(১) ডুপ্লি-কেটিং মেশিন অপারেটর হিসাবে অন্যান্য পাঁচ বৎসরের অথবা ডুপ্লি-কেটিং মেশিন অপারেটর, দপ্তরী ও এম. এল. এস. এস এর এক বা একাধিক পদে একত্রে অন্যান্য পাঁচ বৎসরের অথবা ডেসপাস রাইডার বা দপ্তরীর এক বা একাধিক পদে একত্রে অন্যান্য আট বৎসরের অথবা এম. এল. এস. এস এর পদে অন্যান্য দশ বৎসরের চাকরীর অভিজ্ঞতা;</p>	

১	২	৩	৪	৫
				<p>(২) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(৩) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজীতে ২৮ শব্দের গতি; এবং</p> <p>(৪) কম্পিউটার চালনার দক্ষতা থাকিতে হইবে।</p> <p><u>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;</p> <p>(২) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত ; এবং</p> <p>(৩) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল-৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
(৩৮) ডাটা এন্ট্রি অপারেটর	-	Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, ১৯৮৫ অনুসারে।		
(৩৯) অভ্যর্থনাকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।		<p>(১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(২) অভ্যর্থনা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।</p>

১	২	৩	৪	৫
(৪০) টেলিফোন অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (২) পিএবিএক্স বোর্ড চালনা সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।	
(৪১) অডিও ভিজ্যুয়েল ইকুইপমেন্ট অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (২) অডিও ভিজ্যুয়েল ইকুইপমেন্ট রক্ষণাবেক্ষণ ও পরিচালনা সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হওয়া পর্যন্ত শিথিলযোগ্য।	
(৪২) সহকারী অফসেট মেশিন অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (২) অফসেট মেশিন চালনা সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।	
(৪৩) প্লেট মেকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (২) প্লেট মেকিং এর বিভিন্ন প্রসেস-সংশ্লিষ্ট কাজে সুষ্ঠু জ্ঞান ও বাস্তব অভিজ্ঞতা ; এবং (৩) কেমিক্যাল তৈরীতে সক্ষম।	

১	২	৩	৪	৫
(৪৪) কাটিং মেশিন অপারেটর-কাম- বাইন্ডার	অনূর্ধ্ব ৩০ বৎসর		সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (২) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।
(৪৫) স্টিচিং মেশিনম্যান-কাম- বাইন্ডার	অনূর্ধ্ব ৩০ বৎসর		সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (২) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।
(৪৬) গাড়ী চালক	অনূর্ধ্ব ৩০ বৎসর		সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা।
(৪৭) ক্যাশ সরকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		<u>(ক) পদোন্নতির ক্ষেত্রে :</u> দপ্তরী পদে অনূন্য দুই বৎসরের বা এম. এল. এস. এস পদে অনূন্য পাঁচ বৎসরের চাকরীর অভিজ্ঞতা। <u>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(৪৮) ডুপ্লি-কেটিং মেশিন অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		<u>(ক) পদোন্নতির ক্ষেত্রে :</u> (১) দপ্তরী পদে অনূন্য দুই বৎসরের বা এম. এল. এস. এস পদে অনূন্য পাঁচ বৎসরের চাকরীর অভিজ্ঞতা; এবং (২) ডুপ্লি-কেটিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫
				<p>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(২) ডুপ্লি-কেটিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা।</p> <p>(ক) পদোন্নতির ক্ষেত্রে :</p> <p>এম. এল. এস. এস পদে অনূ্যন তিন বৎসরের চাকরীর অভিজ্ঞতা।</p> <p>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং বৈধ লাইসেন্সসহ মটর সাইকেল চালনার অভিজ্ঞতা।</p> <p>এম. এল. এস. এস পদে অনূ্যন তিন বৎসরের চাকরীর অভিজ্ঞতা।</p> <p>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।</p> <p>অনূ্যন অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা।</p>
(৪৯) ডেসপাস রাইডার	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		
(৫০) দপ্তরী	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে		
(৫১) এম. এল. এস. এস	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে		
(৫২) দারোয়ান	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে		

১	২	৩	৪	৫
(৫৩) নৈশ প্রহরী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অন্যন অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
(৫৪) মালী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অন্যন অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
(৫৫) ঝাড়ুদার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অন্যন অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সাত্তার
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।